

Sr. AD/Stanographer
সিনিয়র স্ট্যানোগ্রাফার

০৬.০৪.২৬
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মার্চ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

পরিচালক
প্রশাসন ও অর্থ

০৬/০৪/২৬
০৬/০৪/২৬

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে প্রতি শনিবার সমন্বিত অভিযান পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকাসহ সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলা, বিভিন্ন স্থানে জমে থাকা পানি এবং বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাবে এডিস মশার প্রজনন ক্ষেত্র বিস্তৃত হচ্ছে, যা ডেঙ্গু রোগ বিস্তারের অন্যতম কারণ।

২। এডিস মশার প্রজনন ক্ষেত্র ধ্বংসের মাধ্যমে ডেঙ্গু রোগ প্রতিরোধ করা সম্ভব। এ লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি এবং সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিত করে তা অপসারণের বিকল্প নেই। সরকারি-বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের আঙিনা, বাজার, জনসমাগমস্থলসহ জনসাধারণের বসতবাড়ি ও সংলগ্ন স্থানে জমে থাকা পানি অপসারণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট সম্পত্তির মালিক, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, বিশেষ করে স্কাউটস, বিএনসিসি, বাজার কমিটির সদস্য ও সংশ্লিষ্ট অন্যান্যের সমন্বয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হলে তা কার্যকর ফলাফল বয়ে আনবে।

৩। প্রাণঘাতী ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে ১৪ মার্চ ২০২৬ থেকে শুরু করে প্রতি শনিবার জনসাধারণসহ সরকারি বেসরকারি সকল অংশীজনদের উদ্বুদ্ধ করে স্বেচ্ছশ্রমের ভিত্তিতে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান এবং সংলগ্ন এলাকা পরিষ্কার করার কার্যক্রম গ্রহণ করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা ও মশা নিধনে কীটনাশক ছিটানোর জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে সম্পৃক্ত করা এবং এ কর্মসূচি নিয়মিত তদারকি করতে হবে। এ বিষয়ে কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারসহ সরকারি কর্মকর্তাগণ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ডেঙ্গু প্রতিরোধ সংক্রান্ত বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটির সমন্বয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে পারেন। স্থানীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শক্রমে সচেতনতামূলক র‍্য্যালি/মাইকিং/টোল সহরতসহ প্রচারণা/সেমিনার/সিম্পোজিয়াম/আলোচনা সভা/উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করে জনসাধারণকে এই কর্মসূচিতে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। এমতাবস্থায়, ১৪ মার্চ ২০২৬ থেকে প্রতি শনিবার জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬

০৯-০৩-২০২৬

মোঃ মামুন

উপসচিব (কটিন দায়িত্ব)

ফোন : ২২৬৬৪১০৫৭

ইমেইল : dfal_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, সকল বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল) এবং

পত্র নং- ২০৭২
প্রাপ্তির তারিখ- ০৬/০৪/২৬
বিভাগ/শাখা-
বিডারিউএম আরআই, দিনাজপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫/১ (২)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল) এবং
- ২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।



২৬

০৯-০৩-২০২৬

মোঃ মামুন

উপসচিব (কটন দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
সাধারণ শাখা
www.dinajpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.২৭০০.০০০.০০৬.০৫.০০০৬.২৬.২৯৮

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে প্রতি শনিবার সমন্বিত অভিযান পরিচালনা।

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০১-০৪-২০২৬

মোঃ মনজুর মোর্শেদ

সহকারী কমিশনার

ফোন : ০২৫৮৯৯৬৩২৯৭

ইমেইল : generalsection310@gmail.co

m

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। -----(সকল দপ্তর), দিনাজপুর এবং
- ২। উপজেলা নির্বাহী অফিসার, -----(দিনাজপুর)।